# কনসেপ্ট নোট: সুন্নাহ কনফারেন্স বাংলাদেশ

## ‘সুন্নাহর প্রামাণিকতা ও এ সংক্রান্ত সংশয়ের অপনোদন: প্রেক্ষাপট বাংলাদেশ’

আপনারা জানেন যে, সুন্নাহ নিয়ে উম্মাহর মধ্যে পরিকল্পিতভাবে নানা বিভ্রান্তি ও সংশয় ছড়ানো হচ্ছে এবং বহু লোক এ নিয়ে নানা বিচ্যুতির মুখোমুখি হচ্ছেন। ফলে এ সম্মেলনের অন্যতম লক্ষ্য হচ্ছে ইসলামী জ্ঞানের উৎস হিসাবে সুন্নাহর মর্যাদা ও প্রামাণিকতা এবং সংশয়বাদীদের এতদসংক্রান্ত যত বক্তব্য ও যুক্তি রয়েছে সেগুলোর ওপর গবেষণামূলক ও বিশ্লেষণাত্মক আলোচনাপূর্বক অপনোদন করা।

এমন এক প্রেক্ষাপটে ‘কুল্লিয়াতুল কুরআনিল কারীম ওয়াদ-দিরাসাতিল ইসলামিয়্যাহ’ ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ড্যাফোডিল ইসলামিক সেন্টার যৌথভাবে **‘সুন্নাহর প্রামাণিকতা ও এ সংক্রান্ত সংশয়ের অপনোদন: প্রেক্ষাপট বাংলাদেশ’** শীর্ষক একটি আন্তর্জাতিক মানের কনফারেন্স আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

কনফারেন্সের যে থিম ও বিষয় নির্ধারণ করা হয়েছে তার আলোকে আমরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীবৃন্দকে মানসম্পন্ন গবেষণা প্রবন্ধ লেখার আহ্বান জানাচ্ছি।

### সম্মেলনের লক্ষ্য ও উদ্দেশ্য

১. মুসলিম জীবনে আল-কুরআন ও আস-সুন্নাহর প্রয়োজন ও গুরুত্ব তুলে ধরা।
২. আল-কুরআন ও আস-সুন্নাহর খেদমতে বিভিন্ন যুগে মুসলিম স্কলারদের অবদান তুলে ধরা।
৩. শরীয়ার উৎস ও ওহী হিসাবে সুন্নাহর অথরিটি ও কর্তৃত্ব প্রতিষ্ঠিত করা।
৪. কুরআন ও সুন্নাহর মধ্যকার সম্পর্ক তুলে ধরা।
৫. সুন্নাহর বিরুদ্ধে যেসকল ভ্রান্তি ও সংশয় ছড়ানো হচ্ছে সেগুলোর ওপর বিশ্লেষণাত্মক আলোচনা ও গবেষণামূলক উত্তর প্রদান করা।
৬. ইসলামী জ্ঞানের প্রসারে গৃহীত প্রবন্ধমালা নিয়ে সম্মেলন গ্রন্থ প্রকাশ করা।

### লেখক/গবেষক/প্রবন্ধকারের জন্য নির্দেশিকা

১. গবেষণা প্রবন্ধ অবশ্যই বাংলা ভাষায় লিখতে হবে। অন্যকোনো ভাষায় লিখিত প্রবন্ধ গৃহীত হবে না।
২. গবেষণার সাধারণ নীতি-পদ্ধতি অনুসরণ করা।
৩. অন্যকোনো গবেষণা প্রবন্ধ, প্রকাশিত/অপ্রকাশিত থিসিস বা ওয়েবসাইট থেকে হুবহু কপি না করা।
৪. প্রবন্ধটি অন্য কোথাও প্রকাশিত হয়নি বা অন্য কোথাও প্রকাশের জন্য জমা প্রদান করা হয়নি এ মর্মে নিশ্চয়তা প্রদান করা।

৫. প্রবন্ধের শিরোনাম (Title) ও সারকথা (Abstract) অনূর্ধ্ব ২৫০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখা।

৬. গবেষণা প্রবন্ধটি ২০০০ থেকে অনূর্ধ্ব ১০,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখা।

৭. নিম্নলিখিত প্রযুক্তিগত বৈশিষ্ট্য অনুযায়ী সফট কপি কনফারেন্স কর্তৃপক্ষের নিকটে জমা প্রদান করা:

- বাংলা লিখনের ক্ষেত্রে Sutonny MJ ফন্ট ব্যবহার করা।
- কুরআনের আয়াত লিখনের ক্ষেত্রে مصحف المدينة الإلكتروني/Traditional Arabic ফন্ট ব্যবহার করা।
- হাদীস অথবা আরবী উদ্ধৃতি লিখনের ক্ষেত্রে Traditional Arabic ফন্ট ব্যবহার করা।
- প্রবন্ধের পেইজ সাইজ A4 (২১ cm + ২৯.৭ cm) হওয়া।
- মূল টেক্সট-এর ফন্ট সাইজ বাংলায়: ১৩ এবং আরবীতে: ১৫ হওয়া এবং ফন্ট কালার অটোমেটিক হওয়া।
- ফুটনোটের ফন্ট সাইজ বাংলায়: ১১ এবং আরবীতে: ১২ হওয়া এবং ফন্ট কালার অটোমেটিক হওয়া।

৮. চূড়ান্তভাবে গৃহীত প্রবন্ধের জন্য প্রাবন্ধিক সম্মানী পাবেন।

## কনফারেন্সের থিমেটিক এরিয়া

# (১)

## المحور الأول: السنة النبوية وحي ومصدر للشريعة الإسلامية

## ওহী ও ইসলামী শরীয়তের উৎস হিসাবে আস-সুন্নাহ

1. التعريف بالسنّة ومكانتها.
   সুন্নাহর পরিচিতি এবং ইসলামী শরীয়তে তার মর্যাদা ও কর্তৃত্ব
2. اثبات المصدرية الإلهية للسنة النبوية.
   সুন্নাহ আল্লাহ প্রদত্ত উৎস : একটি বিশ্লেষণাত্মক পর্যালোচনা
3. أهمية التمسك بالسنة ووجوب الالتزام بها.
   সুন্নাহকে আঁকড়ে ধরার গুরুত্ব এবং তা অনুসরণের আবশ্যকতা
4. عناية العلماء بالسنّة النبوية عبر العصور.
   যুগে যুগে সুন্নাহর প্রতি স্কলারদের গুরুত্বারোপ
5. التمسك بالقرآن والسنّة وأثره في حياة المسلمين.
   কুরআন ও সুন্নাহকে আঁকড়ে ধরা এবং মুসলিম জীবনে তার প্রভাব
6. تاريخ تدوين السنة والشبهات حوله.
   সুন্নাহ সংকলনের ইতিহাস ও এ সংক্রান্ত সংশয়সমূহ
7. تاريخ التشكيك في السنة والفِرق التى تبنت ذلك.
   সুন্নাহ সম্পর্কে সংশয় সৃষ্টির ইতিহাস এবং এ কাজে সম্পৃক্ত দল-উপদলসমূহ

# (২)

المحور الثاني: العلاقة بين القرآن والسنة

## কুরআন ও সুন্নাহর মধ্যে পারস্পরিক সম্পর্ক

1. **مكانة القرآن والسنة ومنزلتهما في الإسلام.**
ইসলামে কুরআন-সুন্নাহর মর্যাদা ও অবস্থান
2. **عدم التفريق بين حجية القرآن والسنة في العقائد والأحكام.**
আকীদা ও আহকাম সাব্যস্ত করার ক্ষেত্রে কুরআন-সুন্নাহর প্রামাণিকতায় পার্থক্য না করা
3. **حجية القرآن والسنة والتشكيك فيهما بالإلحاد : دراسة تحليلية.**
কুরআন-সুন্নাহর প্রামাণিকতা এবং এতদুভয়ে নাস্তিকবাদ কর্তৃক সৃষ্ট সংশয় : একটি বিশ্লেষণাত্মক পর্যালোচনা
4. **تفنيد الشبهات حول مرجعية القرآن والسنة.**
কুরআন-সুন্নাহ ইসলামের উৎস হওয়ার ক্ষেত্রে উত্থাপিত সংশয়সমূহের অপনোদন

# (৩)

المحور الثالث: معالم حجية السنة

## সুন্নাহর প্রামাণিকতার বিভিন্ন দিক

1. **دلائل القرآن على حجية السنة.**
সুন্নাহর প্রামাণিকতা সাব্যস্তকরণে আল-কুরআনের দলীলসমূহ
2. **ثبوت السنة متواتراً.**
সুন্নাহ শরীয়তের দলীল হওয়ার বিষয়টি তাওয়াতুর পন্থায় (অসংখ্যক রাবীর বর্ণনা দ্বারা) প্রমাণিত
3. **إجماع الأمة على حجية السنة.**
সুন্নাহর প্রামাণিকতায় উম্মতের ঐক্যমত
4. **الأدلة العقلية على ثبوت نقل السنة.**
সুন্নাহ সাব্যস্ত করার ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও যৌক্তিক দলীল
5. **واقعية التاريخ وثبوت السنة.**
ঐতিহাসিক ঘটনাপ্রবাহ ও সুন্নাহর প্রামাণিকতা

# (৪)

المحور الرابع: شبهات منكري السنة والرد عليها

## সুন্নাহ অস্বীকারকারীদের সংশয়সমূহ ও তার জবাব

1. **شبهة عدم الحاجة إلى السنة النبوية استغناءً بالقرآن الكريم والرد عليها.**
‘কুরআনই যথেষ্ট, সুন্নাহর প্রয়োজন নেই’ শীর্ষক সংশয় ও তার অপনোদন
2. **شبهة حصر السنة المعتبرة في المتواتر منها وإسقاط حجية الآحاد والرد عليها.**

খবরে আহাদ বাতিল করে সুন্নাহকে শুধুমাত্র মুতাওয়াতিরে সীমাবদ্ধকরণ সংক্রান্ত সংশয় ও তার জবাব

3. شبهة الاتهام والطعن في نقلة السنة النبوية والرد عليها.

হাদীস বর্ণনাকারীদের ব্যাপারে অভিযোগ, সমালোচনা ও অস্বচ্ছতার অপবাদ সংক্রান্ত সংশয় ও তার জবাব

4. دعوى ضياع السنة وعدم حفظها استناداً إلى النهي عن كتابتها وتأخر تدوينها والرد عليها.

লিপিবদ্ধে নিষেধাজ্ঞা ও সংকলনে বিলম্ব হওয়ার কারণে সুন্নাহর বিলুপ্তি এবং তা সংরক্ষিত না হওয়ার দাবি ও তার জবাব

5. إهمال مكانة علم الحديث والتشكيك في منهجية المحدثين وطرقهم في تصحيح الأخبار وتضعيفها والرد عليه.

ইলমুল হাদীসের মর্যাদা ও কর্তৃত্বকে অবজ্ঞাকরণ এবং হাদীস যাচাইয়ে মুহাদ্দিসগণের কর্মপন্থা বিষয়ে সংশয় সৃষ্টি ও তার জবাব

6. دعوى تعارض السنة مع القرآن الكريم والرد عليها.

'কুরআনের সাথে সুন্নাহ সাংঘর্ষিক' এমন দাবি ও তার অপনোদন

7. شبهة تعارض الأحاديث الصحيحة بعضها البعض والرد عليها.

'সহীহ হাদিসসমূহ পরস্পর বিরোধী' এমন সংশয় ও তার অপনোদন

8. دعوى تعارض السنة مع العقل والرد عليها.

'বিবেক-যুক্তির সাথে সুন্নাহ সাংঘর্ষিক' শীর্ষক দাবি ও তার জবাব

9. طرق تلبيس المخالفين والمثيرين للشبهة في السنة النبوية والرد عليهم.

সুন্নাহ বিরোধী ও সংশয় উত্থাপনকারীদর কর্মপন্থাসমূহ ও তার জবাব

## গুরুত্বপূর্ণ তারিখ ও তথ্য

প্রবন্ধের সারসংক্ষেপ (Abstract) জমাদানের সময়সীমা

মার্চ ১৫, ২০২৩

প্রবন্ধের সারসংক্ষেপ (Abstract) রিভিউ এবং ফিডব্যাক প্রদান

৫ কার্যদিবসের মধ্যে

প্রবন্ধ (Article) জমাদানের সময়সীমা

এপ্রিল ১৫, ২০২৩

সারসংক্ষেপ (Abstract) ও প্রবন্ধ (Article) জমাদান

sunnahconferencebd@gmail.com

সরাসরি যোগাযোগ

+৮৮ ০১৭৮৭ ২১২০২৫

+৮৮ ০১৮৩৪ ১৭৭৭৬৫

+৮৮ ০৯৬১০৯৯১৯৯১

আরও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন

**‘কুল্লিয়াতুল কুরআনিল কারীম ওয়াদ-দিরাসাতিল ইসলামিয়্যাহ’**
(ইমাম বুখারী ট্রাস্ট কর্তৃক পরিচালিত বিশুদ্ধ ধারার একটি উচ্চতর ইসলামী শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান)
সেক্টর # ৫, রোড # ৬/এ, বাসা # ১৭, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০, বাংলাদেশ
ফোন: ০১৮৩৪ ১৭৭৭৬৫/০৯৬১০৯৯১৯৯১
ই-মেইল: kulliyatulquran.ac@gmail.com

**(ড. মোহাম্মদ মানজুরে ইলাহী)**
চেয়ারম্যান
কনফারেন্স আয়োজক কমিটি
সুন্নাহ কনফারেন্স বাংলাদেশ ২০২৪

**যৌথ আয়োজনে:**

KULLIYATUL QURANIL KAREEM WADDIRASATIL ISLAMIYAH

DAFFODIL ISLAMIC CENTER